রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জানুয়ারি ২৮, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/২১ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর ২১-আইন/২০২০।**—কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৮ নং আইন) এর ধারা ১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **'আইন'** অর্থ কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৮ নং আইন);

(খ) **'কয়েদী'** অর্থ কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ এর ধারা ২ (খ) তে সংজ্ঞায়িত কয়েদী;

(গ) **'প্রবেশন অফিসার'** অর্থ কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ এর ধারা ২ (চ) তে সংজ্ঞায়িত প্রবেশন অফিসার;

(ঘ) **'ফরম'** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোনো ফরম;



**মূল্য :** টাকা ৩০.০০

(ঙ) **'বিশেষ সুবিধা'** অর্থ কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ এর ধারা ২ (ছ) তে সংজ্ঞায়িত বিশেষ সুবিধা;

(চ) **'বিশেষ সুবিধা প্রাপ্তির যোগ্যতা'** অর্থ কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ এর ধারা ৪ এ বর্ণিত বিশেষ সুবিধা প্রাপ্তির যোগ্যতাসম্পন্ন বা বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী কোনো কয়েদী।

(২) এই বিধিমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তির ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **বিশেষ সুবিধা প্রাপ্তির যোগ্য কয়েদীদের তালিকা প্রণয়ন ও নথি সংরক্ষণ**।—(১) প্রবেশন অফিসার আইনের ধারা ৪ এর বিধান অনুসারে যাহারা বিশেষ সুবিধা প্রাপ্তির যোগ্য কয়েদী তন্মধ্যে ১ (এক) বৎসরের অধিক হইতে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীদের তালিকা ফরম-১ অনুসারে এবং ১০ বৎসর হইতে তদূর্ধ্ব মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীদের তালিকা ফরম-২ অনুসারে প্রণয়ন করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন তালিকা প্রণয়নের পর প্রবেশন অফিসার বিশেষ সুবিধা প্রাপ্তির যোগ্য প্রত্যেক কয়েদীর জন্য পৃথক নথি সংরক্ষণ করিবেন।

(৩) প্রত্যেকটি নথিতে ফরম-৩ অনুসারে তথ্যাদি সন্নিবেশ করিতে হইবে।

(৪) নথিতে নিম্নবর্ণিত কাগজ-পত্র সংরক্ষণ করিতে হইবে, যথা :—

(ক) সংশ্লিষ্ট কয়েদীর মামলা ও আদালত কর্তৃক প্রদত্ত আদেশ সংক্রান্ত সকল কাগজপত্রের অনুলিপি;

(খ) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও কারাগার কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সকল আদেশ এর কপি; এবং

(গ) প্রবেশন অফিসার কর্তৃক প্রস্তুতকৃত, দাখিলকৃত প্রতিবেদন, ইত্যাদি।

(৫) উপ-বিধি (১) অনুসারে প্রণীত তালিকা এবং উপ-বিধি (৩) এ বর্ণিত তথ্যাদি প্রবেশন অফিসার নিয়মিত হালনাগাদ করিবেন।

৪। **বিশেষ সুবিধা প্রাপ্তির আবেদন, ইত্যাদি**।—(১) আইনের ধারা ৪ এর অধীন বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী কোনো কয়েদী বিশেষ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে কারাগার কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটির নিকট ফরম-৪ অনুসারে আবেদন করিতে পারিবেন।

(২) আইনের ধারা ১২ এর উপ-ধারা (২) অনুসারে কোনো কয়েদী বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী হইলে প্রবেশন অফিসার উক্ত কয়েদীর বিশেষ সুবিধা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করিবার লক্ষ্যে জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটির নিকট ফরম-৫ অনুসারে প্রতিবেদন দাখিল করিবেন।

(৩) প্রবেশন অফিসারকে উপ-বিধি (২) এর অধীন প্রতিবেদন প্রণয়নকালে বিশেষ সুবিধা প্রাপ্তির যোগ্য কয়েদীর নিম্নরূপ বিষয়াদি বিবেচনা করিতে হইবে, যথা :—

(ক) অতীত পারিবারিক ইতিহাস;

(খ) বর্তমান মনো-সামাজিক, আবেগীয় অবস্থা;

(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা;

(ঘ) কর্মোদ্দীপনা, কর্মদক্ষতা; এবং

(ঙ) অন্যান্য বিষয়াদি (প্রযোজ্য ক্ষেত্রে, যদি থাকে)।

৫। **জাতীয় কমিটি বা জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই, ইত্যাদি**।—জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটি বিধি ৪ এর উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন এবং উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিয়া যাচাই-বাছাই করিবে, যথা :—

(ক) কয়েদী শিশু সন্তানসহ কারাগারে অবস্থান করে কিনা;

(খ) কয়েদীর শিশু সন্তান বাড়িতে অবস্থান করে কিনা;

(গ) কয়েদীর স্বাস্থ্যগত অবস্থাসহ তিনি বিশেষ কোনো অসুস্থতার শিকার কিনা;

(ঘ) কয়েদী প্রতিবন্ধী কিনা;

(ঙ) কয়েদির শিক্ষাগত যোগ্যতা;

(চ) কয়েদির বয়স;

(ছ) কয়েদির আর্থ-সামাজিক অবস্থা;

(জ) মামলার ধরন, কারাদণ্ডের মেয়াদ ও রেয়াতসহ কারাভোগের মেয়াদ;

(ঝ) বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণের তথ্য; এবং

(ঞ) অন্যান্য বিষয়াদি (প্রযোজ্য ক্ষেত্রে, যদি থাকে)।

৬। **জাতীয় কমিটি বা জেলা কমিটি কর্তৃক সুপারিশ প্রেরণ**।—জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটি বিধি ৫ অনুসারে যাচাই-বাছাই করিয়া উহার সুপারিশ, প্রশাসনিক আদেশ জারির জন্য, বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী কয়েদীদের তালিকা সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

৭। **প্রশাসনিক আদেশ, মুচলেকা, ইত্যাদি**।—(১) আইনের ধারা ১৩ এবং, ক্ষেত্রমত, বিধি ৬ অনুসারে জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটির সুপারিশের ভিত্তিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিশেষ সুবিধা প্রদানের বিষয়ে প্রশাসনিক আদেশ জারি করিবে এবং উহার অনুলিপি কারাগার কর্তৃপক্ষ ও প্রবেশন অফিসারের নিকট প্রেরণ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন বিশেষ সুবিধা প্রদানের বিষয়ে প্রশাসনিক আদেশ জারি করা হইলে বিশেষ সুবিধাপ্রাপ্ত সংশ্লিষ্ট কয়েদীকে, আইনের ধারা ১৪ এর উদ্দেশ্য পূরণকল্পে, আইনের তফসিলে উল্লিখিত 'ছক' অনুযায়ী মুচলেকা স্বাক্ষর করিয়া কারাগার কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) কারাগার কর্তৃপক্ষ কয়েদীর স্বাক্ষরিত মুচলেকা সংরক্ষণ করত প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীকে শর্তাধীন মুক্তি অথবা নির্ধারিত বিশেষ সুবিধা প্রদান করিবে।

(৪) প্রবেশন অফিসার উপ-বিধি (৩) এর অধীন বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীর তালিকা ফরম-৬ অনুসারে প্রস্তুত করিবেন এবং উক্ত তালিকা নিয়মিত হালনাগাদ করিবেন।

৮। **বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীদের পর্যবেক্ষণ**।—(১) জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটির সদস্য-সচিব বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীদের পর্যবেক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা বা, ক্ষেত্রমত, উপজেলা এর প্রবেশন অফিসারকে অনতিবিলম্বে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) বিধি ৭ এর উপ-বিধি ৩ এর অধীন বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদী যে জেলায় অবস্থান করিবে, সেই জেলা, ক্ষেত্রমত, উপজেলা এর প্রবেশন অফিসার উক্ত কয়েদীকে পর্যবেক্ষণে রাখিবেন।

(৩) বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীদের পর্যবেক্ষণের জন্য প্রবেশন অফিসারের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

(ক) আবাসিক ঠিকানা পরিবর্তনকারী বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীদের আবাসিক ঠিকানা হালনাগাদ করা;

(খ) অপরাধ করা হইতে বিরত রাখিবার লক্ষ্যে বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীদের উদ্বুদ্ধ করা;

(গ) বিশেষ সুবিধা প্রাপ্তির যোগ্য কয়েদীদের জন্য ফরম-১১ অনুসারে কর্ম পরিকল্পনা প্রণয়ন;

(ঘ) বৃত্তিমূলক প্রশিক্ষণ দানকারী সংস্থা বা প্রতিষ্ঠানের তালিকা ফরম-১২ অনুসারে তৈরি করা এবং উক্ত তালিকা নিয়মিত হালনাগাদ করা;

(ঙ) বর্ষভিত্তিক একটি ডায়রি রক্ষণাবেক্ষণ এবং উক্ত ডায়রিতে তাহার অধীন বিশেষ সুবিধা প্রাপ্ত কয়েদীদের সহিত সভা, পরিদর্শন ইত্যাদি দৈনন্দিন কার্যক্রম লিপিবদ্ধ করা; এবং

(চ) সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

(৪) প্রবেশন অফিসার উপ-বিধি (১) এর অধীন বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীকে প্রথম ২ (দুই) মাসে ন্যূনতম ১৫ (পনের) দিনে একবার ও পরবর্তীতে শর্তে উল্লিখিত সময়ে, ক্ষেত্রমত, ফরম-৭ অনুসারে পর্যবেক্ষণ, প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান করিবেন এবং বিশেষ সুবিধাপ্রাপ্ত প্রত্যেক কয়েদীর নথিতে উহা লিপিবদ্ধ করিবেন।

৯। **বিশেষ সুবিধা বাতিলের লক্ষ্যে প্রতিবেদন দাখিল**।—(১) বিশেষ সুবিধাপ্রাপ্ত কোন কয়েদী আইনের ধারা ১৪ তে প্রদত্ত কোন শর্ত লঙ্ঘন করিলে প্রবেশন অফিসার উক্ত শর্ত লঙ্ঘনের বিষয়ে জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটির নিকট ফরম-৮ অনুসারে বিস্তারিত প্রতিবেদন দাখিল করিবেন।

(২) জাতীয় কমিটি বা, ক্ষেত্রমত, জেলা কমিটি উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত প্রতিবেদনে সন্তুষ্ট হইলে, বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীর বিশেষ সুবিধা বাতিলের সুপারিশসহ, প্রশাসনিক আদেশ জারির জন্য, উহা সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

১০। **জেলা কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল।**—জেলা কমিটি স্বীয় কার্যক্রম সম্পর্কে জাতীয় কমিটির নিকট বাৎসরিক প্রতিবেদন প্রতি বৎসর জুলাই মাসের ৩০ তারিখের মধ্যে ফরম-৯ অনুসারে দাখিল করিবে।

১১। **জাতীয় কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল।**—জাতীয় কমিটি স্বীয় কার্যক্রম সম্পর্কে সরকারের নিকট বাৎসরিক প্রতিবেদন প্রতি বৎসর আগস্ট মাসের ৩০ তারিখের মধ্যে ফরম-১০ অনুসারে দাখিল করিবে।

১২। **বৃত্তিমূলক প্রশিক্ষণ।**—(১) প্রবেশন অফিসার আইনের ধারা ৩ এর দফা (খ) এর অধীন কারাগারে আটক সাজাপ্রাপ্ত কয়েদীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানকল্পে কারাগারের অভ্যন্তরে, ক্ষেত্রমত, নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স পরিচালনা করিবেন, যথা :—

(ক) ব্লক অথবা বাটিক;

(খ) সূচিশিল্প;

(গ) হেয়ার কাটিং;

(ঘ) বাঁশ ও বেতের কাজ;

(ঙ) দর্জি বিজ্ঞান;

(চ) কাপড়ের ফুল তৈরি;

(ছ) বিউটিফিকেশন;

(জ) নিটওয়্যারিং;

(ঝ) এমব্রয়ডারী;

(ঞ) কারচুপি ও জরি চুমকি;

(ট) কম্পিউটার অপারেটিং;

(ঠ) গ্রাফিক্স ডিজাইন;

(ড) ওয়েব ডিজাইন; এবং

(ঢ) রন্ধন শিল্প, ইত্যাদি।

(২) কারাগার কর্তৃপক্ষ প্রবেশন অফিসারের চাহিদা অনুযায়ী কারাগারের অভ্যন্তরে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানকল্পে প্রয়োজনীয় কক্ষ, উপকরণ ও সুবিধা নিশ্চিত করিবে।

**ফরম-১**

[বিধি ৩ (১) দ্রষ্টব্য]

**১ (এক) বৎসরের অধিক হইতে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীদের তালিকা**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **কারাগারের নাম** | **:** | | **জেলার নাম** | **:** | |

| ক্রমিক নং | কয়েদীর নাম ও নম্বর | পিতার নাম/ স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ও মাতার নাম | বর্তমান ঠিকানা (গ্রাম/সড়ক নম্বর, মহল্লা, ইউনিয়ন, উপজেলা/থানা, জেলা) | স্থায়ী ঠিকানা (গ্রাম/সড়ক নম্বর, মহল্লা, ইউনিয়ন, উপজেলা/থানা, জেলা) | মামলা নম্বর ও ধারা | কারাদন্ডের মেয়াদ ও শুরুর তারিখ | রেয়াতসহ ৫০% কারাদন্ডের মেয়াদ শেষ হইবার সম্ভাব্য তারিখ | শিক্ষাগত যোগ্যতা | বৃত্তিমূলক প্রশিক্ষণ (ক্ষেত্রমত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

**ফরম-২**

[বিধি ৩ (১) দ্রষ্টব্য]

**১০ (দশ) বৎসর হইতে তদূর্ধ্ব মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীদের তালিকা**

| **কারাগারের নাম** | : | | **জেলার নাম** | : | |
|---|---|---|---|---|---|

| ক্রমিক নং | কয়েদীর নাম ও নম্বর | পিতার নাম/ স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ও মাতার নাম | বর্তমান ঠিকানা (গ্রাম/সড়ক নম্বর, মহল্লা, ইউনিয়ন, উপজেলা/থানা, জেলা) | স্থায়ী ঠিকানা (গ্রাম/সড়ক নম্বর, মহল্লা, ইউনিয়ন, উপজেলা/থানা, জেলা) | মামলা নম্বর ও ধারা | কারাদণ্ডের মেয়াদ ও শুরুর তারিখ | রেয়াতসহ ৫০% কারাদণ্ডের মেয়াদ শেষ হইবার সম্ভাব্য তারিখ | শিক্ষাগত যোগ্যতা | বৃত্তিমূলক প্রশিক্ষণ (ক্ষেত্রমত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

**ফরম-৩**

[বিধি ৩ (৩) দ্রষ্টব্য]

**নথিতে তথ্যাদি সন্নিবেশ**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কয়েদীর নাম ও নম্বর এবং কারাগারের নাম | : | | | | | | |
| ২ | পিতার নাম | : | | | | | | |
| ৩ | স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | | | | | | |
| ৪ | মাতার নাম | : | | | | | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর/ জন্ম নিবন্ধন সনদ নম্বর | : | | | | | | |
| ৬ | মামলার বিবরণ | : | (ক) মামলা নং ও ধারা | : | | (খ) আদালতের নাম | : | |
| ৭ | কারাদন্ডের বিবরণ | : | (ক) কারাদন্ডের মেয়াদ | : | | (খ) কারাদন্ড ভোগ শুরুর তারিখ | : | |
| | | | (গ) বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী হইবার তারিখ : | | | | | |
| ৮ | বর্তমান ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক (নম্বর ও বাসা নম্বর) | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর | : | | (চ) জেলা | : | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৯ | স্থায়ী ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক (নম্বর ও বাসা নম্বর) | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর | : | | (চ) জেলা | : | |
| ১০ | প্রতিবন্ধিতা বিষয়ক | : | (ক) প্রতিবন্ধী কি (হ্যাঁ/না) | : | | (খ) প্রতিবন্ধিতা পরিচিতি নম্বর | : | |
| ১১ | শিক্ষাগত যোগ্যতা | : | | | | | | |
| ১২ | পূর্ব পেশা | : | | | | | | |
| ১৩ | ট্রেড'এর নাম | : | | | | | | |
| ১৪ | অন্যান্য (যদি থাকে) | : | | | | | | |

**ফরম-৪**

[বিধি ৪ (১) দ্রষ্টব্য]

**কয়েদী কর্তৃক বিশেষ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে জাতীয় কমিটি/জেলা কমিটির নিকট আবেদন ফরম**

বরাবর

চেয়ারম্যান
কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা প্রদান জাতীয় কমিটি/জেলা কমিটি
মাধ্যম: কারাগার কর্তৃপক্ষ ,............................কেন্দ্রীয় কারাগার/জেলা কারাগার।

**বিষয় : বিশেষ সুবিধা প্রাপ্তির আবেদন।**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কয়েদীর নাম ও নম্বর এবং কারাগারের নাম | : | | | | | | |
| ২ | পিতার নাম | : | | | | | | |
| ৩ | স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | | | | | | |
| ৪ | মাতার নাম | : | | | | | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর/ জন্ম নিবন্ধন সনদ নম্বর | : | | | | | | |
| ৬ | মামলার বিবরণ | : | (ক) মামলা নং ও ধারা | : | | (খ) আদালতের নাম | : | |
| ৭ | কারাদন্ডের বিবরণ | : | (ক) কারাদন্ডের মেয়াদ | : | | (খ) কারাদন্ড ভোগ শুরুর তারিখ | : | |
| | | : | (গ) বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী হইবার তারিখ : | | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮ | বর্তমান ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক নম্বর ও বাসা নম্বর) | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর | : | | (চ) জেলা | : | |
| ৯ | স্থায়ী ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক (নম্বর ও বাসা নম্বর) | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর | : | | (চ) জেলা | : | |
| ১০ | প্রতিবন্ধিতা বিষয়ক | : | (ক) প্রতিবন্ধী কি (হ্যাঁ/না) | : | | (খ) প্রতিবন্ধিতা পরিচিত নম্বর | : | |
| ১১ | শিক্ষাগত যোগ্যতা | : | | | | | | |
| ১২ | পূর্ব পেশা | : | | | | | | |
| ১৩ | পারিবারিক তথ্য (রক্তসম্পর্কীয় জীবিত সদস্যদের তথ্য) | : | | | | | | |
| ১৪ | আর্থ-সামাজিক অবস্থার বিবরণ | : | | | | | | |
| ১৫ | বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য | : | | | | | | |

আমি নিম্ন স্বাক্ষরকারী আইন এবং এই বিধিমালার অধীন বিশেষ সুবিধা ভোগ করিতে আগ্রহী। আমাকে উক্ত সুবিধা প্রদান করা হইলে পরবর্তীতে সম্পাদিত মুচলেকার সকল শর্তাবলী প্রতিপালন করিব।

................................ ........................................................................................ ..............................................

তারিখ আবেদনকারীর নাম স্বাক্ষর

**ফরম-৫**

[বিধি ৪ (২) দ্রষ্টব্য]

**প্রবেশন অফিসার কর্তৃক বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী কয়েদী সংক্রান্ত প্রতিবেদন**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কয়েদীর নাম ও নম্বর এবং কারাগারের নাম | : | | | | | | |
| ২ | পিতার নাম | : | | | | | | |
| ৩ | স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | | | | | | |
| ৪ | মাতার নাম | : | | | | | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর/ জন্ম নিবন্ধন সনদ নম্বর | : | | | | | | |
| ৬ | মামলার বিবরণ | : | (ক) মামলা নং ও ধারা | : | | (খ) আদালতের নাম | : | |
| ৭ | কারাদন্ডের বিবরণ | : | (ক) কারাদন্ডের মেয়াদ | : | | (খ) কারাদন্ড ভোগ শুরুর তারিখ | : | |
| | | | (গ) বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী হইবার তারিখ: | | | | | |
| ৮ | বর্তমান ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক (নম্বর ও বাসা নম্বর) | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর | : | | (চ) জেলা | : | |
| ৯ | স্থায়ী ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক (নম্বর ও বাসা নম্বর) | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর | : | | (চ) জেলা | : | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১০ | প্রতিবন্ধিতা বিষয়ক | : | (ক) প্রতিবন্ধী কি (হ্যাঁ/না) | : | | (খ) প্রতিবন্ধিতা পরিচিত নম্বর | : | |
| ১১ | শিক্ষাগত যোগ্যতা | : | | | | | | |
| ১২ | পূর্ব পেশা | : | | | | | | |
| ১৩ | পারিবারিক তথ্য (রক্তসম্পর্কীয় জীবিত সদস্যদের তথ্য) | : | | | | | | |
| ১৪ | আর্থ-সামাজিক অবস্থার বিবরণ | : | | | | | | |
| ১৫ | বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য | : | | | | | | |
| ১৬ | বিধি ৫ এ বর্ণিত তথ্যাদি সম্পর্কে মতামত | : | | | | | | |
| ১৭ | মুক্তি পরবর্তীকালীন আবেদনকারী যে ঠিকানায় অবস্থান করিতে ইচ্ছুক, উহার তথ্য | : | | | | | | |
| ১৮ | সামগ্রিক মন্তব্য | : | | | | | | |

প্রতিবেদন প্রণয়নের তারিখ ......................................

প্রতিবেদন দাখিল করিবার তারিখ ................................................

প্রবেশন অফিসারের নামসহ সীলমোহর ও স্বাক্ষর ...............................................................

ফরম-৬

**[বিধি ৭ (৪) দ্রষ্টব্য]**

**বিশেষ সুবিধা প্রাপ্ত কয়েদীর তালিকা**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কারাগারের নাম | : | | জেলার নাম | : | |

| ক্রমিক নং | প্রশাসনিক আদেশ নম্বর ও তারিখ | বিশেষ সুবিধা প্রাপ্ত কয়েদীর নাম ও নম্বর | পিতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ও মাতার নাম | বর্তমান ঠিকানা (গ্রাম/সড়ক নম্বর, মহল্লা, ইউনিয়ন, উপজেলা/থানা, জেলা) | স্থানীয় অভিভাবকের নাম ও মোবাইল নম্বর | মামলা নম্বর ও ধারা | বিশেষ সুবিধার আওতায় আসার তারিখ | যে কাজে নিয়োজিত, উহার বিবরণ | সম্পৃক্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

**ফরম-৭**

[বিধি ৮ (৪) দ্রষ্টব্য]

**পর্যবেক্ষণ ফরম**

**পর্যবেক্ষণ নম্বর :** **পর্যবেক্ষণের তারিখ :**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কয়েদীর নাম ও নম্বর এবং কারাগারের নাম | : | | | | | | |
| ২ | পিতার নাম | : | | | | | | |
| ৩ | স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | | | | | | |
| ৪ | মাতার নাম | : | | | | | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর/ জন্ম নিবন্ধন সনদ নম্বর | : | | | | | | |
| ৬ | মামলার বিবরণ | : | (ক) মামলা নং ও ধারা | : | | (খ) আদালতের নাম | : | |
| ৭ | কারাদণ্ড ও বিশেষ সুবিধা সংক্রান্ত বিবরণ | : | (ক) কারাদণ্ডের মেয়াদ | : | | (খ) কারাদণ্ডের ভোগ শুরুর তারিখ | : | |
| | | | (গ) বিশেষ সুবিধার বিবরণ : | | | | | |
| | | | (ঘ) বিশেষ সুবিধার আওতায় আসিবার তারিখ : | | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮ | বর্তমান ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক নম্বর ও বাসা নম্বর | : | | (খ)ওয়ার্ড/ইউনিয়ন | : | | |
| | | | (গ) উপজেলা : | : | | (ঘ)থানা | : | | |
| | | | (ঙ) ডাকঘর : | : | | (চ)জেলা | : | | |
| ৯। | গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি বা বর্তমান অবস্থা | | | | | | | | |

| ৯.১। গৃহীত ব্যবস্থা (চুক্তি অনুসারে, প্রযোজ্য ক্ষেত্রে) | ৯.২। পর্যবেক্ষণকালে বিশেষ সুবিধা প্রাপ্ত কয়েদীর অগ্রগতি বা বর্তমান অবস্থা |
|---|---|
| | |
| | |
| | |
| | |

প্রবেশন অফিসারের নামসহ সীলমোহর ও স্বাক্ষর

**ফরম-৮**

[বিধি ৯ (১) দ্রষ্টব্য]

## বিশেষ সুবিধা প্রাপ্ত কয়েদী কর্তৃক শর্ত ভঙ্গের ক্ষেত্রে বিস্তারিত প্রতিবেদন ফরম

**পর্যবেক্ষণ নম্বর :** **পর্যবেক্ষণের তারিখ :**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কয়েদীর নাম ও নম্বর এবং কারাগারের নাম | : | | | | | | |
| ২ | পিতার নাম | : | | | | | | |
| ৩ | স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | | | | | | |
| ৪ | মাতার নাম | : | | | | | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর/ জন্ম নিবন্ধন সনদ নম্বর | : | | | | | | |
| ৬ | মামলার বিবরণ | : | (ক) মামলা নং ও ধারা | : | | (খ) আদালতের নাম | : | |
| ৭ | কারাদণ্ড ও বিশেষ সুবিধা সংক্রান্ত বিবরণ | : | (ক) কারাদণ্ডের মেয়াদ | : | | (খ)কারাদণ্ডের ভোগ শুরুর তারিখ | : | |
| | | | (গ) বিশেষ সুবিধার বিবরণ : | | | | | |
| | | | (ঘ) বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী হইবার তারিখ : | | | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৮ | বর্তমান ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক নম্বর ও বাসা নম্বর | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ)উপজেলা : | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ)ডাকঘর : | : | | (চ) জেলা | : | |
| ৯। | গৃহীত ব্যবস্থা ও শর্ত ভঙ্গের বিবরণ | | | | | | | |

| ৯.১। শর্ত (চুক্তি অনুসারে, প্রযোজ্য ক্ষেত্রে) | ৯.২। পর্যবেক্ষণকালে বিশেষ সুবিধা প্রাপ্ত কয়েদী কর্তৃক শর্ত ভঙ্গের বিবরণ |
|---|---|
| | |
| | |
| | |
| | |

প্রবেশন অফিসারের নামসহ সীলমোহর ও স্বাক্ষর

**ফরম-৯**

[বিধি ১০ দ্রষ্টব্য]

**জেলা কমিটি কর্তৃক বাৎসরিক প্রতিবেদন প্রেরণের ছক**

| | | | |
|---|---|---|---|
| ১ | জেলা কমিটির নাম | : | |
| ২ | জেলার নাম | : | |
| ৩ | কার্যক্রমের সময়কাল | : | |
| ৪ | প্রতিবেদন দাখিল করিবার তারিখ | : | |
| ৫ | সর্বমোট অনুষ্ঠিত সভার সংখ্যা | : | |
| ৬ | ১ (এক) বৎসরের অধিক হইতে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর মেয়াদে কারাদণ্ড প্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |
| ৭ | ১০ (দশ) বৎসর হইতে তদূর্ধ্ব মেয়াদে কারাদণ্ড প্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |
| ৮ | বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত ১ (এক) বৎসরের অধিক হইতে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর মেয়াদে কারাদণ্ড প্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |
| ৯ | বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত ১০ (দশ) বৎসর হইতে তদূর্ধ্ব মেয়াদে কারাদন্ড প্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | (ক) মুক্তি ....................জন<br>(খ) বৃত্তিমূলক প্রশিক্ষণ ......... জন<br>(গ) আফটার কেয়ার সার্ভিস ...... জন |
| ১১ | মঞ্জুরকৃত বিশেষ সুবিধা বাতিলের বিষয়ে সুপারিশকৃত মোট কয়েদীর সংখ্যা | : | |
| ১২ | প্রবেশন অফিসারের নিকট হইতে প্রাপ্ত মোট প্রতিবেদন সংখ্যা | : | |
| ১৩ | প্রবেশন অফিসারের নিকট হইতে প্রাপ্ত মোট বিস্তারিত প্রতিবেদন সংখ্যা | : | |
| ১৪ | অন্যান্য গুরুত্বপূর্ণ কোনো তথ্য (যদি থাকে) | : | |
| ১৫ | সভাপতির নাম | : | |
| ১৬ | পদবি | : | |
| ১৭ | স্বাক্ষর | : | |
| ১৮ | সীলমোহর | : | |

**ফরম-১০**

**[বিধি ১১ দ্রষ্টব্য]**

**জাতীয় কমিটি কর্তৃক বাৎসরিক প্রতিবেদন প্রেরণের ছক**

| | | | |
|---|---|---|---|
| ১ | জাতীয় কমিটির নাম | : | |
| ২ | কার্যক্রমের সময়কাল | : | |
| ৩ | প্রতিবেদন দাখিল করিবার তারিখ | : | |
| ৪ | সর্বমোট অনুষ্ঠিত সভার সংখ্যা | : | |
| ৫ | ১ (এক) বৎসরের অধিক হইতে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |
| ৬ | ১০ (দশ) বৎসর হইতে তদূর্ধ্ব মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |
| ৭ | বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে জেলা কমিটিসমূহ কর্তৃক সুপারিশকৃত ১ (এক) বৎসরের অধিক হইতে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |
| ৮ | বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত ১০ (দশ) বৎসর হইতে তদূর্ধ্ব মেয়াদে কারাদণ্ড কয়েদীর সংখ্যা | : | |
| ৯ | বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে জাতীয় কমিটি কর্তৃক সুপারিশকৃত ১ (এক) বৎসরের অধিক হইতে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে জাতীয় কমিটি কর্তৃক সুপারিশকৃত ১০ (দশ) বৎসর হইতে তদূর্ধ্ব মেয়াদে কারাদণ্ডপ্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | |
| ১১ | বিশেষ সুবিধাপ্রাপ্ত কয়েদীর সংখ্যা | : | (ক) মুক্তি ....................জন<br>(খ) বৃত্তিমূলক প্রশিক্ষণ ......... জন<br>(গ) আফটার কেয়ার সার্ভিস ...... জন |
| ১২ | মঞ্জুরকৃত বিশেষ সুবিধা বাতিলের বিষয়ে জেলা কমিটিসমূহ কর্তৃক সুপারিশকৃত মোট কয়েদীর সংখ্যা | : | |
| ১৩ | মঞ্জুরকৃত বিশেষ সুবিধা বাতিলের বিষয়ে জাতীয় কমিটি কর্তৃক সুপারিশকৃত মোট কয়েদীর সংখ্যা | : | |
| ১৪ | প্রবেশন অফিসারের নিকট হইতে প্রাপ্ত মোট প্রতিবেদন সংখ্যা | : | |
| ১৫ | প্রবেশন অফিসারের নিকট হইতে প্রাপ্ত মোট বিস্তারিত প্রতিবেদন সংখ্যা | : | |
| ১৬ | অন্যান্য গুরুত্বপূর্ণ কোনো তথ্য (যদি থাকে) | : | |
| ১৭ | সভাপতির নাম | : | |
| ১৮ | পদবী | : | |
| ১৯ | স্বাক্ষর | : | |
| ২০ | সীলমোহর | : | |

**ফরম-১১**

[বিধি ৮(৩) (গ) দ্রষ্টব্য]

## কর্মপরিকল্পনা ফরম (Action Plan Form)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**সমাজসেবা অধিদপ্তর**

**.................... কারাগার**

**.................... (উপজেলা ও জেলার নাম)।**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কয়েদীর নাম ও নম্বর এবং কারাগারের নাম | : | | | | | | |
| ২ | পিতার নাম | : | | | | | | |
| ৩ | স্বামীর নাম (প্রযোজ্যক্ষেত্রে) | : | | | | | | |
| ৪ | মাতার নাম | : | | | | | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন সনদ নম্বর | : | | | | | | |
| ৬ | মামলার বিবরণ | : | (ক) মামলা নং ও ধারা | : | | (খ) আদালতের নাম | : | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | কারাদণ্ডের বিবরণ | : | (ক) কারাদণ্ডের মেয়াদ | : | | (খ) কারাদণ্ড ভোগ শুরুর তারিখ | : | |
| | | | (গ) বিশেষ সুবিধা পাওয়ার অধিকারী হইবার তারিখ | | | | | |
| ৮ | বর্তমান ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক নম্বর ও বাসা নম্বর | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা : | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর : | : | | (চ) জেলা | : | |
| ৯ | স্থায়ী ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক নম্বর ও বাসা নম্বর | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা : | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর : | : | | (চ) জেলা | : | |
| ১০ | প্রতিবন্ধিতা বিষয়ক | : | (ক) প্রতিবন্ধী কি (হ্যাঁ/না) | : | | (খ) প্রতিবন্ধিতা পরিচিত নম্বর | : | |
| ১১ | শিক্ষাগত যোগ্যতা | : | | | | | | |
| ১২ | পূর্ব পেশা | : | | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | কর্মপরিকল্পনা | | | | |
| | যা করা হইবে | | যে সময়ে করা হইবে | যে করিবে | মন্তব্য |
| | (১) | | | | |
| | (২) | | | | |
| | (৩) | | | | |
| | (৪) | | | | |
| | (৫) | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | গৃহীত কর্মপরিকল্পনার বিষয়ে বিশেষ কোনো নির্দেশনা | : | |
| ১৫ | কর্মপরিকল্পনা প্রণয়নের তারিখ | : | |
| ১৬ | পরবর্তী পর্যালোচনার তারিখ | : | |
| ১৭ | পুনর্বাসনের সম্ভাব্য তারিখ | : | |
| ১৮ | বিশেষ সুবিধাপ্রাপ্তির তারিখ | : | |
| ১৯ | মামলা সমাপ্তির তারিখ | : | |

**কয়েদীর নাম ও স্বাক্ষর** **জেল কর্তৃপক্ষের প্রতিনিধির নাম ও স্বাক্ষর** **প্রবেশন অফিসারের নামসহ সীলমোহর ও স্বাক্ষর**

**ফরম-১২**

[বিধি ৮(৩) (ঘ) দ্রষ্টব্য]

**বৃত্তিমূলক প্রশিক্ষণদানকারী সংস্থা বা প্রতিষ্ঠানের তালিকা**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | সংস্থা বা প্রতিষ্ঠানের নাম | : | | | | | | |
| ২ | নিবন্ধন সংক্রান্ত তথ্য | : | নিবন্ধন নম্বর | : | | তারিখ | : | |
| | | | নিবন্ধনকারী কর্তৃপক্ষ | : | | | | |
| ৩ | সংস্থার ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক নম্বর ও বাসা নম্বর | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা : | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর : | : | | (চ) জেলা | : | |
| | | | (ছ) মোবাইল নম্বর | : | | (জ) ই-মেইল ঠিকানা | : | |
| ৪ | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | : | (ক) গ্রাম/সড়ক নম্বর ও বাসা নম্বর | : | | (খ) ওয়ার্ড/ইউনিয়ন | : | |
| | | | (গ) উপজেলা : | : | | (ঘ) থানা | : | |
| | | | (ঙ) ডাকঘর : | : | | (চ) জেলা | : | |
| | | | (ছ) মোবাইল নম্বর | | | (জ) ই-মেইল ঠিকানা | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫ | ট্রেড সংক্রান্ত তথ্য | : | ট্রেড' এর নাম | | মেয়াদ ও ভর্তির যোগ্যতা | ট্রেড' এর নাম | | মেয়াদ ও ভর্তির যোগ্যতা |
| | | | (ক) টেইলারিং | : | | (ছ) এমব্রয়ডারী | : | |
| | | | (খ) নিটিং অপারেটর | : | | (জ) বিউটিফিকেশন | : | |
| | | | (গ) সুয়েটার লিংকিং অপারেটর | : | | (ঝ) কম্পিউটার অপারেটিং | : | |
| | | | (ঘ) ব্লক বাটিক ও স্ক্রিন প্রিন্টিং | : | | (ঞ) গ্রাফিক্স ডিজাইন | : | |
| | | | (ঙ) গার্মেন্টস মেশিন অপারেটর | : | | (ট) ওয়েব ডিজাইন | : | |
| | | | (চ) কারচুপি ও জরি চুমকি | : | | (ঠ) অন্যান্য (যদি থাকে) | : | |
| ৬ | প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ | : | | | | | | |
| ৭ | ভর্তি সংক্রান্ত যোগাযোগের ঠিকানা | : | নাম | : | | পদবী | : | |
| | | | মোবাইল | : | | ই-মেইল | : | |
| ৮ | সভাপতি/প্রধান নির্বাহীর তথ্য | : | নাম | : | | পদবী | : | |
| | | | মোবাইল | : | | ই-মেইল | : | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শিবানী ভট্টাচার্য্য**
অতিরিক্ত সচিব
আইন, সংস্থা ও রেজিস্ট্রেশন অধিশাখা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd